

## ‘নাটক প্রতিযোগিতা’ এর নির্দেশিকা

পুষ্টি সংবেদনশীল এবং কিশোর-কিশোরী বাঙ্গব স্থানীয় খাদ্য ব্যবস্থা

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) একটি বার্ষিক আন্তর্জাতিক আয়োজন, যেখানে কিশোর-কিশোরীরা এবং তরুণ-তরুণীরা স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং পুষ্টি প্রচারের জন্য উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে তাদের অভিজ্ঞতা শেয়ার করতে পারে, পুষ্টি সম্পর্কিত চ্যালেঞ্জ ও উদ্বেগ প্রকাশ করতে পারে এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে। এটি নেটওয়ার্ক গড়ে তুলতেও সাহায্য করে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে। পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে। আগামী ২৪-২৫ এপ্রিল, ২০২৫ তারিখে ঢাকা, বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৫ অনুষ্ঠিত হবে। কিশোর-কিশোরী এবং তরুণদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে। ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ - এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা এবং প্রদর্শনী আয়োজন করা হবে। এখানে মোট ১৫ টি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, যার মধ্যে একটি হলো 'নাটক প্রতিযোগিতা'। ০৬ থেকে ২৪ বছর বয়সী যেকোনো ব্যক্তি 'নাটক প্রতিযোগিতা'-তে অংশগ্রহণ করতে পারবেন। 'নাটক প্রতিযোগিতা'-এর নির্দেশিকা নিচে দেওয়া হলো:

### নাটক প্রতিযোগিতা

'নাটক প্রতিযোগিতা' ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ -এর একটি অংশ, যেখানে কিশোর-কিশোরী এবং তরুণরা পুষ্টি ও খাদ্য বিষয়ক বিভিন্ন সামাজিক এবং বৈজ্ঞানিক দৃষ্টিকোণ তুলে ধরে নাটক মঞ্চস্থ করবে। এতে অংশগ্রহণকারীরা নির্ধারিত প্রতিপাদ্য বিষয়ে সৃজনশীলভাবে নাটক পরিবেশন করবেন, যা তাদের অভিনয়, ভাষা স্পষ্টতা এবং বিষয়বস্তুর উপস্থাপনা দক্ষতা অনুযায়ী মূল্যায়িত হবে।

### বয়স গ্রুপ:

গ্রুপ এ	গ্রুপ বি	গ্রুপ সি
০৬-১০	১১-১৮	১৯-২৪

### প্রতিপাদ্য বিষয়:

গ্রুপ এ: স্বাস্থ্যকর খাবার নির্বাচন করা বুদ্ধিমানের কাজ, জাঙ্ক / ফাস্টফুড খাওয়া বুদ্ধিমানের কাজ নয়।

গ্রুপ বি: পুষ্টির সংবেদনশীল সম্প্রদায়ের জন্য মায়েদের উৎসাহিত করা।

গ্রুপ সি: কার্যকর খাদ্য ব্যবস্থা যুবকের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সক্ষম।

### যোগ্যতা:

- প্রতিযোগীদের INO ২০২৫ ওয়েবসাইটে ([www.nutritionolympiad.net](http://www.nutritionolympiad.net)) রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশন এর সময় 'নাটক প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কোনো প্রতিযোগী এতে অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিযোগীরা ব্যক্তিগতভাবে বা দলগতভাবে (সর্বোচ্চ ৫ জন) অংশ নিতে পারবেন।
- প্রতিযোগী বা অভিভাবক বা প্রতিষ্ঠান, ন্যূনতম আইটি সুবিধা [(ফোন, ইমেইল, হোয়াটসঅ্যাপ, জুম একাউন্ট (বাহ্যিকমূলক নয়) থাকতে হবে।

### রেজিস্ট্রেশন:

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৫ এর নির্দিষ্ট ওয়েবসাইটে( [www.nutritionolympiad.net](http://www.nutritionolympiad.net)) রেজিস্ট্রেশন করতে হবে। INO ২০২৫ ওয়েবসাইটের রেজিস্ট্রেশন লিংক ক্লিক করে 'নাটক প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।

রেজিস্ট্রেশনের সময়সীমা: মার্চ ৩১, ২০২৫ (রাত ১১টা ঢাকা সময়)

জমা দেয়ার সময়সীমা: এপ্রিল ০৬, ২০২৫ (রাত ১১টা, ঢাকা সময়)

### বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনাঃ

#### ১. প্রতিযোগীর তথ্য:

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ইমেল।

২.ভাষা: বাংলা অথবা ইংরেজি।

#### ৩.জমা ও নির্বাচন প্রক্রিয়া:

##### প্রাথমিক নির্বাচন:

- প্রতিযোগীরা জুমের মাধ্যমে অনলাইনে অথবা নিজ নিজ স্কুলে স্বশরীরে অংশগ্রহণ করতে পারবেন।
- সশরীরে অংশগ্রহণ এর ক্ষেত্রে স্কুল ৫ টি সেরা নাটক বাছাই করবে। নির্বাচিত নাটকগুলো ইমেইল বা Google Drive -এর মাধ্যমে (রেকর্ড করা ভিডিও, সর্বোচ্চ ১০০ এমবি) জমা দিতে হবে।
- অনলাইন অংশগ্রহণকারীদের প্রতিযোগিতা চলাকালে ক্যামেরা চালু রাখতে হবে

##### চূড়ান্ত নির্বাচন:

- প্রাথমিক নির্বাচনে প্রতি বয়স বিভাগে ৫ টি দল বা ব্যক্তিকে নির্বাচিত করা হবে এবং তারা চূড়ান্ত নির্বাচনে অংশ নেবে। প্রতিটি গ্রুপ থেকে ৩টি দল বা ব্যক্তিকে INO ২০২৫ -এর সমাপনী অনুষ্ঠানে বিজয়ী ঘোষণা করা হবে।

### স্কোর ক্রাইটেরিয়াঃ

ক্রম	বিষয়	নাম্বার
০১	মূল বিষয়বস্তু উপস্থাপন	৩০
০২	পোশাক	১৫
০৩	ভাষার স্পষ্টতা	২০
০৪	অভিনয়	২৫
০৫	নিয়ম মেনে চলা	১০
মোট		১০০

### বিশেষ দ্রষ্টব্য:

- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। যেকোনো অনিয়ম প্রতিযোগিতা থেকে অযোগ্য ঘোষণার কারণ হতে পারে।
- বিজয়ীদের নাম INO ২০২৫ -এর সমাপনী অনুষ্ঠানে ঘোষণা করা হবে।

### যোগাযোগ:

নাটক প্রতিযোগিতা সংক্রান্ত যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ইমেইল: [ino@biid.org.bd](mailto:ino@biid.org.bd)

একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।